# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ৩৩. যীশুর দেহে সুগন্ধি ঢালার বর্ণনায় বহুবিধ বৈপরীত্য

মথি, মার্ক যোহন একজন মহিলা কর্তৃক যীশুর দেহে মূল্যবান সুগন্ধি ঢেলে দেওয়ার ঘটনা উল্লেখ করেছেন। (মথি ২৬/৩-১৩; মার্ক ১৪/১-৯; যোহন ১২/১-৮) ইঞ্জিলগুলোর বর্ণনা তুলনা করলে পাঠক ৬ দিক থেকে বৈপরীত্য দেখবেন:

(ক) মার্ক লেখেছেন, ঘটনাটা ঘটেছিল নিস্তারপর্ব/ উদ্ধার ঈদ/ ঈদুল ফেসাখের দু'দিন পূর্বে: ''দুই দিন পরে ঈদুল ফেসাখ... ঈসা যখন বৈথনিয়াতে কুষ্ঠী শিমোনের বাড়িতে ছিলেন'' (মার্ক ১৪/১-৩, মো.-১৩)। ২৬ অধ্যায়ের ২য় শ্লোকে মথি লেখেছেন, যীশু বলেন: ''তোমরা জান, দুই দিন পরে ঈদুল ফেসাখ/ নিস্তারপর্ব আসছে...।'' (মো.-১৩ ও কেরি) এরপর ৬ শ্লোক থেকে সুগন্ধি ঢালার ঘটনা বর্ণনা করেছেন। অপরদিকে যোহন লেখেছেন যে, ঘটনাটা ঘটেছিল নিস্তারপর্বের ছয় দিন পূর্বে: ''ঈদুল ফেসাখের ছয় দিন আগে ঈসা বৈথনিয়াতে আসলেন...।'' (ইউহোন্না ১২/১, মো.-১৩)

(খ) মার্ক ও মথি লেখেছেন, এ ঘটনাটা ঘটেছিল কুষ্ঠী শিমোনের বাড়িতে। অপরদিকে যোহনের বর্ণনা থেকে জানা যায় যে, ঘটনাটা ঘটেছিল মৃত্যুর পরে জীবিত হওয়া লাসারের বোন মরিয়মের আবাসস্থলে। মজার বিষয় হল, লূক ৭ অধ্যায়ে অনুরূপ একটা ঘটনা উল্লেখ করেছেন। তিনি ঘটনাটা গালীল প্রদেশের এক ফরীশীর বাড়িতে ঘটেছিল বলে উল্লেখ করেছেন। (লূক ৭/৩৬-৩৮)

(গ) মথি ও মার্ক লেখেছেন, মহিলাটা সুগন্ধিটুকু 'যীশুর মস্তকে ঢালিয়া দেন।' অপর দিকে যোহন উল্লেখ করেছেন যে, তিনি তা 'যীশুর চরণে মাখাইয়া দেন'।

(ঘ) মার্ক লেখেছেন যে, বহুমূল্য সুগন্ধি ঢেলে দেওয়ার কারণে উপস্থিত কোনো কোনো ব্যক্তি বিরক্ত হয়ে পরস্পরের মধ্যে আপত্তি প্রকাশ করেছিলেন। আর মথি লেখেছেন যে, শিষ্যরাই বিরক্ত হয়ে তার কাজের প্রতিবাদ করেন। পক্ষান্তরে যোহন লেখেছেন যে, শুধু ঈস্করিয়োতীয় যিহূদাই এ কাজের প্রতিবাদ করেছিলেন।

(ঙ) যোহন লেখেছেন যে, আতরটুকুর মূল্য ছিল 'তিন শত সিকি'। মার্ক একটু বাড়িয়েছেন। তিনি লেখেছেন যে, তার মূল্য ছিল 'তিন শত সিকিরও অধিক।' মথি মূল্যের পরিমাণ অস্পষ্ট রেখে বলেছেন 'অনেক টাকা'।

(চ) এ সময় যীশু কি বলেছিলেন তার বর্ণনাতে তাদের মধ্যে বৈপরীত্য রয়েছে।

তিনটা ইঞ্জিলে ঘটনাটা পাঠ করলে পাঠক নিশ্চিত হবেন যে, তাঁরা একই ঘটনা বর্ণনা করেছেন। আর একথা তো চিন্তা করা যায় না যে, কয়েকদিনের মধ্যে বারবার আতর ঢালার ঘটনা ঘটবে, প্রত্যেকবারেই একজন মহিলা আতর ঢালবেন, প্রত্যেকবারেই খাওয়ার সময়েই ঢালবেন, প্রত্যেকবারেই নিমন্ত্রণ খাওয়ার সময়ে তা ঘটবে, প্রত্যেক বারেই ঢেলে দেওয়া আতরের মূল্য তিন শত সিকি বা তার অধিক হবে এবং যীশু প্রথমবারে কাজটা অনুমোদন করার দু' একদিন পরেই আবার উপস্থিত মানুষেরা বা শিষ্যেরা তার প্রতিবাদ ও আপত্তি করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14029

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন